তারিখ 02 OCT 1988
পৃষ্ঠা ৬

ডিগ্রীধারী প্রাথমিক শিক্ষকদের বেতন হ্রাসের প্রতিবাদ

(স্টাফ রিপোর্টার)

বিভিন্ন সংগঠনের কর্মকর্তারা ডিগ্রীধারী পাঁচ হাজার সরকারী প্রাথমিক শিক্ষকের বেতন কমিয়ে দেয়ার আদেশে বিস্ময় প্রকাশ করেছেন। তারা এই আদেশকে অমানবিক বলে অভিহিত করে অবিলম্বে তা প্রত্যাহারের দাবী জানান।

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ম আখতারুজ্জামান ও সাধারণ সম্পাদক অধ্যাপক গোলাম সামদানী কোরায়শী যুক্তভাবে এক বিবৃতিতে উপরোক্ত আদেশকে অযৌক্তিক ও নিন্দনীয় বলে বর্ণনা করেন।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন

প্রতিবাদ

(ভ-এর পৃঃ পর)

সভাপতি মোহাম্মদ তাহেরউদ্দীন ও সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান বাবলু পৃথক বিবৃতিতে স্নাতক ডিগ্রীধারী শিক্ষক ও সহকারী শিক্ষকের বেতন কমিয়ে দেয়ার 'সিদ্ধান্ত বাতিল করে তাদের বকেয়া সরকারের পূর্বে নির্ধারিত নিয়ম-নীতি বহাল রাখার দাবী জানায়।